গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২১ সংক্রান্ত মার্চ-২০২১ ভিত্তিক ৯ম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
স্থান : অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
তারিখ ও সময় : ০৯ মার্চ ২০২১ তারিখ মঙ্গলবার সকাল ১১:৩০ ঘটিকা।
সভায় উপস্থিতি তালিকা: পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ তুলে ধরেন। শুরুতেই ২০২০-২১ অর্থবছরের এপিএ অর্জনের বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি গত ১৭.০৯.২০২০ তারিখে সম্পন্ন হয়েছে যার লক্ষ্যমাত্রাসমূহের বিপরীতে অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০২০) অর্জনসমূহ গত ১৩.০১.২০২১ তারিখে বিএমসি সভায় অনুমোদন হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১১.০২.২০২১ তারিখ ফলাবর্তক (ফিডব্যাক) প্রদান করা হয়। সভায় যে সকল বিষয়ে এ বিভাগের অর্জন তুলনামূলকভাবে কম এবং যে সকল বিষয়ে অর্জন হয়নি সে সকল বিষয়ে নিবিড় পর্যবেক্ষণ ও কর্মতৎপরতা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা হয়।

২। মন্ত্রিপরিষদ বিভাগের অর্ধ-বার্ষিক মূল্যায়নের উপর ফলাবর্তক (ফিডব্যাক):

লক্ষ্যমাত্রা/সূচক	বাৎসরিক লক্ষ্যমাত্রা	অর্জন জুলাই-ডিসেম্বর ২০২০	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/শাখা/ অধিশাখা/অনুবিভাগ	মন্তব্য
[১.৭.১] বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরিত	৪টি	নাই	[বাস্তবায়নে: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও বীমা শাখা/অধিশাখা/অনুবিভাগ]	সন্তোষজনক নয়
[১.৭.২] বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা গেজেটে প্রকাশিত	৪টি	নাই		
[৪.৩.১] বীমা বিষয়ে আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার	১১টি	৩টি		
[৪.৪.১] বীমা দাবির হার নিষ্পত্তিকৃত	৭০%	২৮.২৯%		
[২.৪.১] এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে নতুন গ্রাহক সংখ্যা	৫০০০ হাজার জন	৮৬৪ হাজার জন	[বাস্তবায়নে: বাংলাদেশ ব্যাংক ও কেন্দ্রীয় ব্যাংক শাখা/অধিশাখা/অনুবিভাগ]	সন্তোষজনক নয় (অর্ধ-বার্ষিক অর্জন ২২৮৫.৩৩ হাজার)
[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন	১০০%	৭.২%	[বাস্তবায়নে: প্রকল্প সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থাসমূহ ও প্রকল্প শাখা/অধিশাখা/অনুবিভাগ]	সন্তোষজনক নয়
এম [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত	১টি/জন	নাই	[বাস্তবায়নে:বাজেট শাখা/ অধিশাখা/অনুবিভাগ]	সন্তোষজনক নয়

৩। এ ছাড়াও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা ও দপ্তর/সংস্থার সাথে সর্ম্পকযুক্ত ২য় ত্রৈমাসিক ও অর্ধ-বার্ষিক লক্ষ্যমাত্রার যে সকল সূচকে এখন পর্যন্ত কোন অর্জন হয়নি বা আংশিক অর্জন হয়েছে সে সকল কার্যক্রম ও সূচকসমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

সেকশন-৩
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	বাৎসরিক লক্ষ্যমাত্রা ২০২০-২১	অর্জন (জুলাই - সেপ্টেম্বর ২০২০)	অর্জন (অক্টোবর-ডিসেম্বর ২০২০)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা	মন্তব্য
[১.২] পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারি চাকরি প্রবিধানমালা প্রণয়ন	[১.২.১] জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ বিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির নিকট প্রেরিত	তারিখ	৩	৩০-০৪-২০২১	প্রক্রিয়াধীন	প্রক্রিয়াধীন	বিশেষায়িত ব্যাংক-২ শাখা	
[১.৩] ফাইন্যান্স কোম্পানি আইন প্রণয়ন	[১.৩.১] মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	২	৩০-০৫-২০২১	প্রক্রিয়াধীন	প্রক্রিয়াধীন	কেন্দ্রীয় ব্যাংক শাখা	
[১.৫] ব্যাংক কোম্পানি আইন সংশোধন	[১.৫.১] জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) এ মতামতের জন্য প্রেরিত	তারিখ	২	৩০-০৪-২০২১	২৯.১১.২০২০	২৯.১১.২০২০	কেন্দ্রীয় ব্যাংক শাখা	প্রমাণক সরবরাহ করতে হবে
[২.৫] ব্যাংকের মাধ্যমে সামাজিক নিরাপত্তার সুবিধা প্রদান	[২.৫.১] সুবিধা গ্রহণকারীর সংখ্যা	সংখ্যা (হাজার)	২	১০৬০০	৭৭৩৪	প্রক্রিয়াধীন	কেন্দ্রীয় ব্যাংক শাখা (বাংলাদেশ ব্যাংক)	প্রমাণক সরবরাহ করতে হবে
[৪.১] 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন	[৪.১.১] 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' চালুকরণ	তারিখ	৩	২৯-০৪-২০২১	প্রক্রিয়াধীন	০১.০৩.২০২১	বীমা শাখা	প্রমাণক সরবরাহ করতে হবে

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	বাৎসরিক লক্ষ্যমাত্রা ২০২০-২১	অর্জন (অক্টোবর-ডিসেম্বর ২০২০)	অর্জন (জুলাই- ডিসেম্বর ২০২০)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা	মন্তব্য
[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	তারিখ	২	১৫-০২-২০২১	প্রক্রিয়াধীন	১৫-০২-২০২১	আইসিটি সেল	প্রমাণক সরবরাহ করতে হবে
[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	তারিখ	১	২৫-০২-২০২১	প্রক্রিয়াধীন	২৫-০২-২০২১	ইনোভেশন টিম	

উল্লেখ্য, ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে সর্ম্পকযুক্ত সূচকের তথ্য পাওয়ার জন্য বাংলাদেশ ব্যাংককে পত্র দেয়া হয়েছে। অন্যান্য দপ্তর/সংস্থাকেও লক্ষ্যমাত্রা অর্জনে তৎপরতা বৃদ্ধির জন্য আলাদাভাবে পত্র দেয়া হয়েছে।

৪। ২০১৯-২০ অর্থবছরের এপিএ-তে ১ম স্থান অর্জনকারী এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাকে সম্মাননা/প্রণোদনা প্রদান:

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের চলমান ২০২০-২১ অর্থবছরের এপিএ তে উল্লিখিত পুরস্কার প্রদান সংক্রান্ত লক্ষ্যমাত্রা '**[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত**' অর্জনের নিমিত্ত ২০১৯-২০ অর্থবছরের এপিএ মূল্যায়নে কাজের ধরন অনুযায়ী ৩টি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। ৩টি ক্যাটাগরিতে ১ম স্থান অর্জনকারী ৩টি প্রতিষ্ঠান যথা অগ্রণী ব্যাংক লি, বাংলাদেশ কৃষি ব্যাংক ও বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর নির্বাহী প্রধানগণকে এ বিভাগের পক্ষ হতে প্রণোদনা হিসেবে ক্রেস্ট প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়। অন্যান্য ২য় ও ৩য় স্থান অর্জনকারী সংস্থার জন্য সার্টিফিকেট প্রস্তুত করা হয়েছে যা পরবর্তীতে দপ্তর/সংস্থায় প্রেরণ করা হবে। এছাড়াও এ বিভাগের এপিএ টিমে বিদ্যমান কর্মকর্তাগণের জন্য সার্টিফিকেট প্রস্তুত করা হয়েছে। এ ক্ষেত্রে ১৮টি এপিএ স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের মধ্যে নিম্নরূপ ৩টি ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দপ্তর/সংস্থার তথ্য নিম্নে তুলে ধরা হলো:

অসাধারণ = সূচকের মান এর ১০০%, অতি উত্তম = সূচকের মান এর ৯০%, উত্তম = সূচকের মান এর ৮০%, চলতি মান = সূচকের মান এর ৭০%, চলতি মানের নিম্নে = সূচকের মান এর ৬০%

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম:	কৌশলগত উদ্দেশ্য	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য	মোট	নির্নয়ক/মান	বিগত ২০১৮-১৯ এর অর্জন
১.	অগ্রণী ব্যাংক লিমিটেড	৫৮.৯৭	১৯.৭২	৭৮.৬৯	চলতি মান	৮৪.৮০
২.	রূপালী ব্যাংক লিমিটেড	৫৬.২৮	২১.৮২	৭৮.১০	চলতি মান	৮১.৬০
৩.	সোনালী ব্যাংক লিমিটেড	৫৫.১০	২১.৯০	৭৭.০০	চলতি মান	৯৪.৪৫

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বিশেষায়িত ব্যাংকসমূহ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম:	কৌশলগত উদ্দেশ্য	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য	মোট	নির্নয়ক/মান	বিগত ২০১৮-১৯ এর অর্জন
১.	বাংলাদেশ কৃষি ব্যাংক	৬৭.০৯	১২.৮৬	৭৯.৯৫	চলতি মান	৮৩.৮৭
২.	কর্মসংস্থান ব্যাংক	৬৫.৪৯	১২.৩১	৭৭.৮০	চলতি মান	৯২.৯৫
৩.	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৫৭.৫৪	১৬.৩০	৭৩.৮৪	চলতি মান	৯৩.৪২

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন নন-ব্যাংক প্রতিষ্ঠানসমূহ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম:	কৌশলগত উদ্দেশ্য	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য	মোট	নির্নয়ক/মান	বিগত ২০১৮-১৯ এর অর্জন
১.	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন	৭০.২১	২০.০০	৯০.২১	অতি উত্তম	৯৪.৩৪
২.	বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিট্যাল মার্কেট	৬৯	১৮.৭৯	৮৭.৭৯	উত্তম	৯৬.৮৫
৩.	মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি	৬৮.১৩	১৪.৮২	৮২.৯৫	উত্তম	৯৫.৭০

৫। বিবিধ:

৩টি ক্যাটাগরিতে ১ম স্থান অর্জনকারী ৩টি এপিএ স্বাক্ষরকারী সংস্থাকে প্রণোদনা হিসেবে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়। তবে চলতিমান থেকে উত্তরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রধানগণ জানান যে, কোভিড পরিস্থিতির কারণে ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য বিষয়ে অর্জন কম হয়েছে। ভবিষ্যতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে অধিকতর কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

বিগত ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়ন তুলনামূলক ভাবে কম। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর বার্ষিক অর্জন পর্যালোচনায় দেখা যায়, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে দপ্তর/সংস্থার এপিএ টিমকে আরো তৎপর হতে হবে এবং ২০২০-২১ অর্থবছরে অর্জিতব্য প্রতিটি কার্যক্রমের বিপরীতে ত্রৈমাসিক/বার্ষিক ভিত্তিতে প্রকৃত অর্জনের তথ্য ও প্রমাণকসহ নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন এ বিভাগে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৬। সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্তসমূহ:	বাস্তবায়নে
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ কার্যক্রমে উল্লিখিত **[১.২] পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারি চাকরি প্রবিধানমালা প্রণয়ন** এবং **[১.৩] ফাইন্যান্স কোম্পানি আইন প্রণয়ন** বিষয়ক লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপযুক্ত প্রমাণক এপিএ সংশ্লিষ্ট শাখায় সরবরাহ করতে হবে।	উপসচিব (বিশেষায়িত ব্যাংক-২) উপসচিব (কেন্দ্রীয় ব্যাংক)

ক্রমিক	সিদ্ধান্তসমূহ:	বাস্তবায়নে
২.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ (আবশ্যিক) কার্যক্রমে উল্লিখিত **[২.২] ডিজিটাল সেবা চালুকরণ** ও **[২.৩] সেবা সহজিকরণ** বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং অগ্রগতি ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্য এ বিভাগের এপিএ সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৩.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ফলাবর্তক অনুযায়ী এ বিভাগের এপিএ তে উল্লিখিত বীমা বিষয়ক লক্ষ্যমাত্রা সমূহের কোনটির অর্জন সন্তোষজনক নয়। এ বিষয়ে সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন। এ বিভাগের বীমা শাখা/অধিশাখা এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ইডরা) সংশ্লিষ্ট যেসকল লক্ষ্যমাত্রা এপিএতে উল্লেখ আছে তা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। এ ছাড়াও 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন সূচকটি ইতোমধ্যেই বাস্তবায়িত হয়েছে। এসংক্রান্ত সকল উপযুক্ত প্রমাণক সমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করতে হবে।	উপসচিব (বীমা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৪.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ কার্যক্রমে উল্লিখিত **[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন** বিষয়ক লক্ষ্যমাত্রার অর্জন সন্তোষজনক নয়। এ বিষয়ে সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন। নির্ধারিত সময়ের মধ্যে এডিপি ১০০% বাস্তবায়ন সম্পন্ন করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপযুক্ত প্রমাণক সরবরাহ করতে হবে।	উপসচিব (প্রকল্প), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রকল্প পরিচালকগণ
৫.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ কার্যক্রমে উল্লিখিত বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার অর্জন ভালো। তবে নির্ধারিত সময়ে তথ্য প্রেরণ না করার বিষয়ে সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন। নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপযুক্ত প্রমাণক সরবরাহ করতে হবে।	এপিএ ফোকাল পয়েন্ট, বাংলাদেশ ব্যাংক

পূর্ববর্তী ফেব্রুয়ারি/২০২১ মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

ক্রমিক	সিদ্ধান্তসমূহ:	বাস্তবায়ন অগ্রগতি
৬.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ কার্যক্রমে উল্লিখিত **[৪.১] 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন** বিষয়ে অগ্রগতি ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট রেগুলেটরি অথরিটি (বাংলাদেশ ব্যাংক এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ)-কে পত্র দিতে হবে। পাশাপাশি এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত বীমা শাখা গৃহীত কার্যক্রমের বিষয়টি মনিটর করবে।	বাস্তবায়িত
৭.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ (আবশ্যিক) কার্যক্রমে উল্লিখিত **[২.২] ডিজিটাল সেবা চালুকরণ** ও **[২.৩] সেবা সহজিকরণ** বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং অগ্রগতি ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্য এ বিভাগের এপিএ সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।	বাস্তবায়নাধীন
৮.	২০১৯-২০ অর্থবছরের এপিএ-তে ১ম স্থান অর্জনকারী সংস্থাকে সম্মাননা/প্রণোদনা প্রদান এবং মার্চ ২০২১ মাসের ৯ম মাসিক সভা সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাস্তবায়িত

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/৩/২০২১

(মোঃ আসাদুল ইসলাম)
সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

নম্বর: ৫৩.০০.০০০০.২১২.৩১.০০২.২১-৫৭

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭ / ১৪ মার্চ ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট সকল রেগুলেটরি অথরিটি [দৃ.আ: এপিএ ফোকাল পয়েন্টগণ]।
২। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

৩। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৫। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালক, বাংলাদেশ ব্যাংক/বিএসইসি/ইডরা।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন মূল্যায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। অতিরিক্ত সচিব (এপিএ টিম প্রধান) এর ব্যক্তিগত কমকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪/০৩/২১

(মোসাম্মাৎ জোহরা খাতুন)
উপসচিব
ফোন: ৯৫৪৬৩৩৩